**১১ ফেব্রুয়ারি দিল্লিতে রাষ্ট্রসংঘ বিষয়ে জি-৪ দেশের ডিরেকটার জেনারেলদের বৈঠক এবং ১২ ফেব্রুয়ারি নয়াদিল্লিতে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ সংস্কার বিষয়ে আউটরিচ আলোচনা চকরো**

১. জি-৪(ব্রাজিল-জার্মানি-ভারত এবং জাপান) ডিরেকটার জেনারেলরা(ডিজি) রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সংস্কার নিয়ে ১১ ফেব্রুয়ারি ২০১৪ নয়াদিল্লিতে অনুষ্ঠিত বৈঠকে মত বিনিময় করেন। এই ধরণের বৈঠক সর্বশেষ অনুষ্ঠিত হয়েছিল রাষ্ট্রসংঘের ৬৮ তম সাধারণ অধিবেশনের ফাঁকে ২৬ সেপ্টেম্বর ২০১৩ নিউইয়র্কে ।

২. এটা স্মরণ করা যেতে পারে, ২৬ সেপ্টেম্বর ২০১৩ নিউইয়র্কে অনুষ্টিত জি-৪ দেশের বিদেশমন্ত্রীদের বৈঠকে ২০০5 সালের বিস্ব শিখর সম্মেলনে গৃহীত চূড়ান্ত দলিলে লিপিবদ্ধ প্রতিস্রুতিগুলি অন্তত ২০১৫ সালের মধ্যে বাস্তবায়ন করার উদ্যোগ তীব্র করে তোলার উপর গুরূত্ব আরোপ করা হয়েছিল।সেই বৈঠকের অনুসৃত পথে,জি-৪দেশগুলির ডিজিরা নিউইয়র্কের রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সংস্কার সম্পর্কিত বর্তমান ঘটনাবলী পর্যালোচনা করেন এবং একটি লিখিত দলিলের ভিত্তিতে আন্ত-সরকারি স্তরে আপস-আলোচনা দ্রূত শুরূ করার পথের সন্ধান নিয়েও আলোচনা করেন। একবিংশ শতাব্দীর ভূ-রাজনৈতিক বাস্তবতার উত্তম প্রতিফলন এবং পরিষদকে প্রকৃত প্রতিনিধিত্বমুলক,দক্ষ ও স্বচ্ছ করার লক্ষ্যে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী ও অস্থায়ী সদস্যের সম্প্রসারণের বিষয়ে রাষ্ট্রসংঘের সদস্য রাষ্ট্রগুলির ব্যাপক সমর্থন বিষয়ে তাঁরা গুরূত্ব আরোপ করেন। তাঁরা এও সিদ্ধান্তে উপনীত হন,একমাত্র এই ধরণের সংস্কার হলেই রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের ফলপ্রসূতা,বিস্বাসযোগ্যতা এবং সর্বোপরি গৃহীত সিদ্ধান্তগুলির বৈধতা বৃদ্ধি পাবে।রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের নতুন স্থায়ী সদস্যপদের জন্য তাঁদের আকাঙ্খা এবং পরস্পরকে সেই বিষয়ে সহযোগিতা করার প্রতিস্রূতির প্রতি জি-৪ দেশগুলি পুনরূকতি করেন। সম্প্রসারিত পরিষদের স্থায়ী ও অস্থায়ী সদস্যপদে তাঁরা উন্নয়নশীল দেশ,বিশেষ করে আফ্রিকার জন্য পুনরায় দৃঢ়োকতি করেন।

৩. জি-৪ ডিজিরা ১২ ফেব্রূয়ারি ২০১৪ সম্মানীয় পররাষ্ট্রমন্ত্রীর সংগে সাক্ষাৎ করেন এবং তাঁদের আলোচনার বিষয় ও অগ্রগতির পথ সম্পর্কে অবহিত করেন।

৪. নিরাপত্তা পরিষদের সংস্কার নিয়ে আলোচনার ক্ষেত্রে জি-৪ দেশের বিদেশমন্ত্রী দের নির্দেশ অনুসারে  আরো বেশি করে নাগরিক সমাজ,সংবাদমাধ্যম ও শিক্ষাবিদদের অংশগ্রহণ বাড়ানোর জন্য পররাষ্ট্রমন্ত্রক এবং  ইনস্টিটিউট অব ডিফেন্স স্টাডিজও অ্যানালিসিস যৌথভাবে 'রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সংস্কার:প্রেক্ষাপট ও সম্ভাবনা' বিষয়ে পৃথক ভাবে একদিনের আউটরিচ আলোচকরো আয়োজন করেন ১২ ফেব্রুয়ারি ২০১৪।

৫.বিদেশসচিব সুজাতা সিং মুল ভাষণ দেন এবং এই ভাষ্ণে তিনি রাষ্ট্রসংঘের বর্তমান সদস্যপদের বিপুল সম্প্রসারণের পরে আদ্যিকালের কাঠামো সংস্কার করে বাস্তবতার প্রতিফলনের প্রয়োজনীয়তার উপর গুরূত্ব আরোপ করেন।দিনব্যাপী আলোচকরে প্রথমসারির শিক্ষাবিদ,সংবাদমাধ্যম এবং নয়াদিল্লিতে অবস্থিত বহু কূটনীতিবিদ উপস্থিত হন।

৬. জি-৪ দেশের ডিজিরা ২০১৫ সালের শিখর সম্মেলনের আগে পর্যন্ত আলোচনা এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে সহমত হন এবং জাপান টোকিওতে এই বৈঠক আয়োজন করার প্রস্তাব দেয়।

**নয়াদিল্লি**

**১২ ফেব্রুয়ারি ২০১৪**